

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ওয়েবসাইট : www.bangladeshbank.org.bd

বিএফআইইউ সার্কুলার নম্বর : ৭

৩০ আষাঢ়, ১৪২০

তারিখ : ১৪ জুলাই, ২০১৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা/প্রতিষ্ঠান প্রধান

সকল ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমাকারী, মানি চেঞ্জার, অর্থ অথবা অর্থমূল্য প্রেরণকারী বা স্থানান্তরকারী যে কোন কোম্পানী বা প্রতিষ্ঠান, বাংলাদেশ ব্যাংকের অনুমতিক্রমে ব্যবসা পরিচালনাকারী অন্য কোন প্রতিষ্ঠান, স্টক ডিলার ও স্টক ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটি কাস্টডিয়ান, সম্পদ ব্যবস্থাপক, অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organisation), বেসরকারি উন্নয়ন সংস্থা (Non Government Organisation), সমবায় সমিতি, রিয়েল এস্টেট ডেভেলপার, মূল্যবান ধাতু বা পাথরের ব্যবসায়ী, ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী, আইনজীবী, নোটারী, অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট।

সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১৩ প্রসঙ্গে।

সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর অধিকতর সংশোধনকল্পে গত ১১ জুন, ২০১৩ তারিখে জাতীয় সংসদ কর্তৃক গৃহীত সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১৩ গত ১২ জুন, ২০১৩ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভ করায় সর্বসাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। আলোচ্য আইনটি জারী হওয়ায় রিপোর্ট প্রদানকারী সংস্থার দায়িত্ব ও কর্তব্য বিস্তৃত হয়েছে। উক্ত আইনের বিধানাবলী পরিপালন ও সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনয়নের সুবিধার্থে উক্ত আইনটি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে, যা <http://www.bb.org.bd/aboutus/regulationguideline/lawsnaacts.php> ওয়েবলিংক হতে ডাউনলোড করা যাবে।

০২। বর্ণিত আইনটি সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনয়ন এবং এর বিধানসমূহের পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

০৩। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/--

(কাজী আকতারুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১৭০